

পদায়ন নিয়ে প্রশাসন ও শিক্ষা ক্যাডারের দ্বন্দ্ব

■ সাক্ষির নেওয়াজ

শিক্ষাসংক্রিষ্ট দুটি শীর্ষ পদের পদায়ন নিয়ে বিসিএস শিক্ষা ক্যাডারের সঙ্গে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের দ্বন্দ্ব শুরু হয়েছে। এতে বিব্রতকর অবস্থায় পড়েছে শিক্ষা মন্ত্রণালয়। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক পদে প্রশাসন ক্যাডারের দু'জন যুগ্ম সচিবকে গত মাসে পদায়ন করা হয়। এ দুটি পদায়ন নিয়ে তীব্র প্রতিক্রিয়া জানিয়ে শিক্ষামন্ত্রী ও

সচিবকে স্মারকলিপি দিয়েছেন শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা। তাদের প্রবল আপত্তির মুখে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান কাজে যোগদান করতে পারেননি। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের দাবি, শিক্ষা প্রশাসনের বিভিন্ন পদে অন্য ক্যাডারের কাজকে পদায়ন করা যাবে না। এদিকে, পদায়নের আদেশ ব্যতীল করতে রাজি নয় জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন সচিব আবদুল সোবহান শিকদার বলেছেন, সিদ্ধিবিধান মেনেই

■ পৃষ্ঠা ১৫ · কলাম ৬

পদায়ন নিয়ে প্রশাসন ও শিক্ষা ক্যাডারের

[শেষ পৃষ্ঠার পর]

পদগুলোতে প্রেষণে কর্মকর্তাদের পদায়ন করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুল নূর গত ২৬ ডিসেম্বর অবসরে যান। এর আগেই ১৮ ডিসেম্বর জনপ্রশাসন মন্ত্রণালয় প্রশাসন ক্যাডারের যুগ্ম সচিব মো. লোকমান হোসেন মিয়াকে এ বোর্ডের চেয়ারম্যান পদে প্রেষণে নিয়োগ দেয়। শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের আপত্তির মুখে তিনি মাদ্রাসা বোর্ডে যোগদান করতে পারেননি। অন্যদিকে, নায়েমের মহাপরিচালক প্রফেসর ইকরামুল কবির ৩০ ডিসেম্বর অবসরে যান। এ পদে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এএস মাহমুদকে চলতি দায়িত্ব দেয় মন্ত্রণালয়। এ নিয়েও শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা আপত্তি জানিয়ে আসছেন। তারা শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি দেন।

শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের সংগঠন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সিনিয়র সহসভাপতি ফজলে রাব্বী সমকালকে বলেন, তাদের নিয়োগবিধিতে বলা আছে, প্রাথমিক শিক্ষা অধিদফতরসহ শিক্ষাসংক্রিষ্ট সব প্রতিষ্ঠানের কর্মকর্তা পদে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন করা হবে। কারণ, এগুলো শিক্ষাসংক্রিষ্ট পদ। অথচ নিয়োগ বিধিমালা উপেক্ষা করে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান ও নায়েম মহাপরিচালক পদে অন্য ক্যাডারের কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে।

শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা মনে করেন, শিক্ষা ক্যাডারের সীমিত কিছু উচ্চ পদে, প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ দেওয়া হলে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের উচ্চ পদে যাওয়ার পথ রুদ্ধ হয়ে পড়ে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, সম্প্রতি শিক্ষামন্ত্রী ও সচিব নায়েম ও মাদ্রাসা বোর্ডের নিয়োগবিধি খোঁজাঝুঁকি করে দেখেছেন। নায়েমের কোনো নিয়োগবিধিই নেই। মাদ্রাসা বোর্ডে চেয়ারম্যান নিয়োগে বলা হয়েছে, তিনি সরকার মনোনীত একজন ব্যক্তি, সেখানে কোনো ক্যাডার সুনির্দিষ্ট করা নেই।

মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান পদে নিয়োগ পাওয়া লোকমান হোসেন মিয়া সমকালকে বলেন, সরকার যেখানে পদায়ন করবে, তিনি সেখানেই কাজ করবেন। মাদ্রাসা বোর্ডের আদেশ হাতে পেয়ে তিনি শিক্ষা মন্ত্রণালয়ে যোগদান করেছেন।

শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী শনিবার সমকালকে বলেন, মহাপরিচালক পদে নায়েমের বাইরের কাউকে নিয়োগ দেওয়া হয়নি। পদ সূন্য হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিষয়ে সচিব বলেন, শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা অন্য ক্যাডারের কাউকে সেখানে পদায়ন না করার দাবি জানিয়েছেন। এখন পুরো বিষয়টি পর্যালোচনা করে দেখা হচ্ছে। ইতিবাচকভাবেই উদ্ভূত সমস্যার সমাধান করা হবে।